

বাংলা
(303)

সময় : 3 ঘণ্টা]

[পূর্ণমান : 100

- দ্রষ্টব্য : (i) এই প্রশ্নপত্রে ‘ক’ এবং ‘খ’, দুইটি বিভাগ আছে।
(ii) বিভাগ ‘ক’-এর সব প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।
(iii) বিভাগ ‘খ’-এর যে কোনো একটি বিকল্পের উত্তর লিখুন।
(iv) বিভাগ ‘ক’-এর মান 85 এবং বিভাগ ‘খ’-এর মান 15।

বিভাগ—ক

1. (ক) নিম্নলিখিত কাব্যংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন :

4

এ-বিশ্বে যত ফুটিয়াছে ফুল ফলিয়াছে যত ফল,
নারী দিল তাহে রূপ-রস-মধু-গন্ধ সুনির্মল।
তাজমহলের পাথর দেখেছ, দেখিয়াছ তার প্রাণ ?
অন্তরে তার মোমতাজ নারী, বাহিরেতে শা-জাহান !
জ্ঞানের লক্ষ্মী, গানের লক্ষ্মী, শস্য-লক্ষ্মী নারী,
সুখমা-লক্ষ্মী নারীই ফিরিছে রূপে রূপে সঞ্চারি।

অথবা

বাংলা ভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত
চেনা ছবি ; মা আমার দোলনা দুলিয়ে কাটছেন
ঘুম পাড়ানির ছড়া কোন্ সে সুদূরে ; সন্তা তার
আশাবরী। নামি বিষাদ সিন্ধুর স্পন্দে দুলে দুলে
রমজানি সাঁঝে ভাজেন ডালের বড়া, আর
একুশের প্রথম প্রভাতফেরি—অলৌকিক ভোর।

- (খ) নিম্নলিখিত পংক্তিগুলির কাব্য-সৌন্দর্য স্পষ্ট করুন :

2

সেখানে লেবুর শাখা নুয়ে থাকে অন্ধকারে ঘাসের উপর ;
সুদর্শন উড়ে যায় ঘরে তার অন্ধকার সন্ধ্যার বাতাসে ;
সেখানে হলুদ শাড়ি লেগে থাকে রূপসীর শরীরের 'পর—
শঙ্খমালা নাম তার : এ-বিশাল পৃথিবীর কোনো নদী ঘাসে
তারে আর খুঁজে তুমি পাবে নাকো—বিশালাক্ষী দিয়েছিল বর,
তাই সে জন্মেছে নিল বাংলার ঘাস আর ধানের ভিতর।

2. নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে কোনো দুটির উত্তর ৩০-৩৫টি শব্দের মধ্যে লিখুন : 2+2=4

- (ক) পদ্মাবতী কোথায় বসে, কোন্ অবস্থায় এবং কার গলায় মালা দিতে চাইলেন আর যাকে মালা দিতে চাইলেন, তিনিই বা তখন কোথায় ছিলেন?
- (খ) মধুকবি ‘মহাভারতের কথা অমৃতসমান’ বলে মনে করছেন কেন এবং পুণ্যবান বলে কাশীরাম দাসকে শ্রদ্ধা জানিয়েছেন কেন?
- (গ) ‘প্রশ্ন’ কবিতা অবলম্বনে কবির ব্যথিত হবার কারণ কী, লিখুন।
- (ঘ) ‘নাজমা’ কবিতায় নাজমার স্বামীর বীভৎস মৃত্যুর জন্যে দায়ী কে বা কারা, সংক্ষেপে আলোচনা করুন।

3. ‘রাধার কী হইল অন্তরে ব্যথা’ কবিতার অন্তর্নিহিত ভাবটি সংক্ষেপে লিখুন। 2

4. আধুনিক গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি কী কী? 2

অথবা

ছোটগল্পের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করুন। রবীন্দ্রনাথের লেখা যে কোনো একটি ছোটগল্পের নাম লিখুন।

5. নিম্নলিখিত কবিতাংশটির ছন্দ উল্লেখ করুন : 2

মনে পড়ে ঘরের কোণে মিটিমিটি আলো।
চারিদিকের দেয়ালজুড়ে ছায়া কালো কালো॥

অথবা

নিম্নলিখিত কবিতাংশের শব্দালংকারের নাম কি?

কে বলে ঈশ্বরগুপ্ত ব্যাপ্ত চরাচর,
যাহার প্রভায় প্রভা পায় প্রভাকর।

6. নিম্নলিখিত কবিতার স্তবকটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন :

“এ বয়স জানে রক্তদানের পুণ্য
বাস্পের বেগে স্টিমারের মতো চলে,
প্রাণ দেওয়া-নেওয়া ঝুলিটা থাকে না শূন্য
সঁপে আত্মাকে শপথের কোলাহলে।”

- (ক) ‘এ বয়স’ বলতে কবি বিশেষ কোন্ বয়সের কথা বলছেন? 1
- (খ) এ বয়সের রক্তদানের পুণ্য কথাগুলির অর্থ পরিষ্কার করুন। 1
- (গ) ‘প্রাণ দেওয়া-নেওয়া’র প্রশ্ন কেন? 1
- (ঘ) ‘শপথের কোলাহল’ শব্দ দুটিকে কোন্ বিশেষ অর্থে প্রয়োগ করা হয়েছে? 1

7. নিম্নলিখিত গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন :

6

“—করেছি বইকি ভাই, হাজার হোক হিন্দুরই মেয়ে তো? কিন্তু সঙ্গে সঙ্গে পুণ্যের লোভটাও মস্ত হয়ে উঠেছিল। ভাবলাম বুড়োমানুষকে এই শেষ জীবনে আর মড়ার ওপর খাঁড়ার ঘা দিই কেন? ওঁকে পুত্রশোকের হাত থেকে রক্ষা করতে তো আমিই পারি? দেখিনা, ভগবানের ওপর কলম চালিয়ে। তাই রাবণ রাজার মতো নিজের মৃত্যুবাণ প্রাণপণ যত্নে লুকিয়ে রাখলাম।”

অথবা

এত বড়ো দুর্ঘটনাতে কিন্তু মনোবল কারও ভাঙেনি। মাধোকের প্রাণের আশঙ্কা কেটে যাওয়াতে সবাই স্বস্তির নিঃশ্বাস ফেলল এবং ঘণ্টা তিনেক পর থেকেই আবার রুটিন মতো কাজ শুরু করে দেওয়া হল—কাজ বন্ধ করে দিলেই বরঞ্চ মনোবল কমে যেত। আমাদের ভাগ্য অবশ্য খুবই ভালো যে বেশি গুরুতর দুর্ঘটনা ঘটেনি। হেলিকপ্টারটি যদি জলে না পড়ে ভেঙে পড়ত তবে সঙ্গে সঙ্গে পাঁচজনেরই নিঃসন্দেহে জীবন শেষ হত।

8. প্রশ্ন অনুসারে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন :

- (ক) গ্যালিলিওর বিচারদৃশ্যটি বর্ণনা করুন। গ্যালিলিওর দুরকম প্রতিক্রিয়ার কারণ কী? 2
- (খ) কমলাকান্তের মতে সমাজের উন্নতির ঠিক পথটি কী? বিড়াল যদি সে মত সমর্থন না করে থাকে, তবে তার কারণ কী? 2
- (গ) “অ্যাঁই খবরদার!—মা হয় তোদের।” কার সম্বন্ধে, কে, কখন এবং কেন একথা বলেছিল, লিখুন। 2
- (ঘ) উদি যে মদনের হিতাকাঙ্ক্ষী তা বোঝা গেল কীভাবে? 1

9. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন :

2

- (ক) “আজ্ঞে, না মাইরি খাইনে।” এটি কার, কখনকার উক্তি? তার এমন ভাষা ব্যবহারের কারণ কী? 2
- (খ) নাট্যকার উৎপল দত্ত নাটকটির নাম “নীলকণ্ঠ” রেখেছেন কেন? 1

10. নিম্নলিখিত অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লিখুন :

আমার কাছে প্রায় রোজই আসে বুড়ী। আর আসিয়া একটি ওই প্রার্থনাই জানায়—“একটো পয়সা দে নি বাবু—”। তাকে রোজ একটি করিয়া পয়সা দিই। মনে মনে তাহার একটা নামও রাখিয়াছি—পি.পি.—পার্মানেন্ট পাওনাদার।

যখন আমার ক্লিনিকে লোকের ভিড় থাকে, তখন তাহাকে আসিবামাত্র একটা পয়সা দিয়া বিদায় করিয়া দিই। যখন কেহ থাকে না তখন মাঝে মাঝে তাহার সহিত আলাপ করি। একদিন জিজ্ঞাসা করিয়াছিলাম, সে ভিক্ষাবৃত্তি কেন অবলম্বন করিয়াছে। বলিল, “ছেলে বউ আর খাইতে দেয় না, আশ্রয় দেয় না, তাড়াইয়া দিয়াছে। যতদিন গতর খাটাইয়া রোজগার করিয়াছিলাম, খাইতে থাকিতে দিত। এখন আর দেয় না।” তাহার কম্পিত বাম হাতটি কপালে ঠেকাইয়া বলিয়াছিল—“সভই কপার ছে বাবু—।”

আর একদিন পয়সাটি দিবার পর জিজ্ঞাসা করিয়াছিলাম, “আর কি চাস বুড়ী—”

উত্তর দিয়াছিল, “মরণ!”

- (ক) লেখকের কাছে রোজ কে আসে এবং এসে কী বলে? 1

- (খ) লেখক তার কী নাম দিয়েছেন এবং কেন? 1
- (গ) একদিন লেখক তাকে ভিক্ষে করার বিষয় জিজ্ঞেস করলে সে কী উত্তর দেয়? 1
- (ঘ) উদ্দিষ্ট ব্যক্তির রোজ একটি পয়সা চাওয়ার বাইরে আর কোনো চাহিদা আছে কিনা জিজ্ঞাসা করা হলে সে কী উত্তর দেয় এবং কেন? 1

11. ভানুমতী কে? সে দেখতে কেমন ছিল? তার পোশাক-পরিচ্ছদই বা কেমন ছিল? তাকে দেখে সত্যচরণের কী মনে হল? 4

অথবা

লবটুলিয়া থেকে সত্যচরণের বিদায়কালীন দৃশ্যটি বর্ণনা করুন। সে সময় সত্যচরণের বুক ব্যথায় ভরে উঠল কেন, পাঁচ-ছয়টি বাক্যে লিখুন।

12. যে কোনো চারটি প্রশ্নের উত্তর লিখুন : 1×4=4

- (ক) ‘খান্না’ কীসের চিহ্ন?
- (খ) ‘টারবারো’ কীসের দেবতা?
- (গ) সাধারণ সাঁওতালী মেয়েদের সঙ্গে ভানুমতীর তুলনা হয় না কেন? একটি বাক্যে লিখুন।
- (ঘ) ‘ভ্যালি অব্ দি কিংস’ কী?
- (ঙ) দোবরু পান্নার সঙ্গে জগরু পান্নার সম্পর্ক কী?

13. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন :

- (ক) নিম্নলিখিত বাক্যাংশগুলিকে সমাসবদ্ধ করুন (যে কোনো দুটি) : 2
আনাচে ও কানাচে ; পুত্রের বধূ ; কৌতূহল আছে যার ; সুভাষ নামে কাকিমা।
- (খ) ধাতু বা শব্দের সঙ্গে প্রত্যয় দেওয়া হল। যোগ করে নতুন শব্দ গঠন করুন (যে কোনো দুটি) : 2
জীব+অন্ত ; মানব+ইক ; কৃ+তব্য ; রাম+আয়ন।
- (গ) নিম্নলিখিত তৎসম শব্দগুলির পরিবর্তিত তদ্ভব শব্দ লিখুন (যে কোনো দুটি) : 2
সন্ধ্যা ; হ্রস্ব ; কাষ্ঠ ; কার্য।
- (ঘ) নিম্নলিখিত বাক্যে চলিত শব্দ থাকলে সাধু শব্দে এবং সাধু শব্দ থাকলে চলিত শব্দে পরিবর্তন করুন : 2
(১) কৃষকটি মাঠে ধান বুনিতে বুনিতে চলিল।
(২) ছবি পড়তে বসলেই ঘুমিয়ে পড়ে।
- (ঙ) নির্দেশ মতো বাক্য পরিবর্তন করুন (যে কোনো একটি) : 2
(১) যদি আপনি যান, তবে আমিও যাব। (সরলবাক্যে)
(২) আমি চাই তুমি বাড়িতে থাক। (অনুজ্ঞাবাক্যে)

14. দলমা থেকে প্রায় ৮/১০টি হাতির দল বেরিয়ে এসে লোকালয়ে ঢুকে ঘরবাড়ি তছনছ করে দিচ্ছিল, লণ্ডভণ্ড করে দিচ্ছিল। প্রতিকারের কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে, সে বিষয়ে একটি প্রতিবেদন রচনা করুন। 4
15. দিল্লিতে বেড়াতে বেড়াতে অনেক দর্শনীয় স্থানে যাওয়ার পর মোগল গার্ডেনে ঢুকলেন। অমন বিচিত্র ফুলের সমারোহ এবং বাগানের সৌন্দর্য দেখে আপনার মনে যে অনুভূতির সঞ্চার হল, তা লিখুন। 2
16. নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লিখুন :
- দেশ সম্বন্ধে একটি কথা খুব স্পষ্ট করে বুঝতে হবে—দেশটা কেবল মাটি দিয়ে গড়া নয়, মানুষ দিয়ে গড়া। দেশকে ভালোবাসতে হলে সর্বাগ্রে দেশের মানুষকে ভালোবাসতে হবে। মনে রাখতে হবে যে, দেশের সব চাইতে বড়ো সম্পত্তি হল দেশের মানুষ, দেশের জনবল একটা মস্ত বড়ো বল। ভারতবর্ষ আকারে কত বৃহৎ তা তো তোমাদের জানা আছে। জনসংখ্যার দিক থেকেও ভারতবর্ষ পৃথিবীর বৃহত্তম দেশগুলির অন্যতম। তোমরা বোধ হয় জান, এদেশে প্রায় পঞ্চাশ কোটি লোকের বাস। সারা পৃথিবীর এক-ষষ্ঠাংশ মানুষ বাস করে ভারতবর্ষে। কিন্তু শুধু সংখ্যাতেও সব সময়ে কাজ দেয় না। দেখছ তো মাত্র পাঁচ কোটি ইংরেজ চল্লিশ কোটি ভারতবাসীর উপর কত বৎসর রাজত্ব করে গেল। এর একমাত্র কারণ আমাদের মধ্যে মিল ছিল না।
- (ক) দেশের প্রকৃত স্বরূপ কী? 1
- (খ) দেশের মানুষের সংখ্যাধিক্য কি দেশের উন্নতির মূল? যদি না হয় তবে সেটি কী? 1
- (গ) ইংরেজদের দীর্ঘকাল ভারতকে পরাধীন করার কারণ কী? 1
17. নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন : 4
- (ক) নিম্নলিখিত রাজ্যগুলিতে শতকরা হিসেবে পঞ্চায়েতে কতজন মহিলা নিযুক্ত, স্তম্ভ-চিত্রের সাহায্যে দেখান :
- | রাজ্য | শতকরা হিসেব |
|--------------|-------------|
| ত্রিপুরা | 42% |
| অন্ধ্রপ্রদেশ | 27% |
| মহারাষ্ট্র | 21% |
| কেরালা | 30% |
| পশ্চিমবঙ্গ | 50% |
- (খ) একটি সুস্থ পুরুষের নিম্নলিখিত তালিকা অনুযায়ী খাদ্য গ্রহণ করা উচিত। কিন্তু শ্রীমতিলাল দে নামে এক ভদ্রলোক মেদ কমানোর জন্যে প্রত্যেক রকমের খাদ্য থেকে ২০ গ্রাম করে কম খায়। নিম্নলিখিত তালিকার সাহায্যে শ্রীমতিলাল দে কত গ্রাম করে খাদ্য গ্রহণ করেন, তার তালিকা তৈরি করুন : সাধারণভাবে গ্রহণ করা খাদ্য —
- ডাল—৬০ গ্রাম, সব্জি—৭০ গ্রাম, মাছ বা মাংস—২০০ গ্রাম, দুধ—৩০০ গ্রাম, তেল-ঘি—৫০ গ্রাম
এবং চিনি/মিষ্টি—১০০ গ্রাম।

18. যে কোনো একটি বিষয়ে সংক্ষিপ্ত প্রবন্ধ রচনা করুন : 8

- (ক) জাতীয় সংহতি ও বিচ্ছিন্নতাবাদ
- (খ) একটি নদীর আত্মকথা
- (গ) একটি গাছ, একটি প্রাণ
- (ঘ) শ্রমের মর্যাদা

19. কোনো একটি বিদ্যালয়ের একাদশ শ্রেণির ২৫জন ছাত্রছাত্রী শিক্ষামূলক ভ্রমণে দিল্লি-আগ্রা যাবে। বিশেষ প্যাকেজের সুবিধা গ্রহণ করার জন্য উক্ত বিদ্যালয়ের প্রধানশিক্ষকের মাধ্যমে পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের অধিকর্তাকে একটি চিঠি লিখুন বিদ্যালয় সংগঠনের সম্পাদক হিসাবে। 4

অথবা

বাঙালি সমাজে দূষিত পণপ্রথা এখনও প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বর্তমান। এর পরিণতিতে কত সংসার যে অকালে ধ্বংসপ্রাপ্ত হচ্ছে তার ইয়ত্তা নাই। এর প্রতিবাদ জানিয়ে সংবাদপত্রে একটি চিঠি লিখুন।

20. নিম্নলিখিত অনুচ্ছেদটির সারাংশ লিখুন : 3

বৈজ্ঞানিকের সহিত সাহিত্যিকের একটি স্থানে মিল আছে। ইতর সাধারণ—সকলেই সম্মুখে যাহা পায়, তাহাই কুড়াইয়া লইয়া সেই কয়টা জিনিসকে জীবনের কাজে লাগাইয়া যেন-তেন-প্রকারেণ তাড়াতাড়ি দৌড়াইয়া চলিতেছে। আশেপাশে যাহা আছে তাহার প্রতি মনঃসংযোগের অবকাশ পাইতেছে না। কিন্তু বৈজ্ঞানিক ও সাহিত্যিক এই আশেপাশে চাহিয়া অন্যে যাহা দেখে না তাহাই দেখেন। বৈজ্ঞানিক বলেন, “দেখো, এত বাস্তবিক সত্য তা তুমি এতদিন দেখে নাই, ইহা ইহাতে জীবনের কত প্রয়োজন সিদ্ধি, জীবনযুদ্ধে কত সাহায্য করিতে পারে।” সাহিত্যিক বলেন, “দেখো, এত সুন্দর দৃশ্যের প্রতি তুমি তাকাও নাই, ইহা ইহাতে কত আনন্দ মিলিতে পারে, জীবনযুদ্ধের আনুষঙ্গিক দুঃখ কত কমাইতে পারা যায়।” একজন যেখানে সত্যের, অন্যজন সেখানে সুন্দরের আবিষ্কার করেন।

অথবা

জগৎ জুড়িয়া এক জাতি আছে, সে জাতির নাম মানুষ জাতি,
এক পৃথিবীর স্তন্যে লালিত, একই রবি শশী মোদের সাথী।
শীতাতপ ক্ষুধা তৃষ্ণার জ্বালা সবাই আমরা সমান বুঝি,
কচি কাঁচাগুলি ডাঁটো করে তুলি, বাঁচিবার তরে সমান যুঝি।
দোসর খুঁজি ও বাসর বাঁধি গো, জলে ডুবি, বাঁচি পাইলে ডাঙা।
কালো আর ধলো বাহিরে কেবল, ভিতরে সবাই সমান রাঙা।
বাহিরের ছোপ আঁচরে সে লোপ, ভিতরের রঙ পলকে ফোটে,
বামুন, শূদ্র, বৃহৎ, ক্ষুদ্র, কৃত্রিম ভেদ ধূলায় লোটে।
রাগে অনুরাগে নিদ্রিত জাগে, আসল মানুষ প্রকট হয়,
বর্ণে বর্ণে নাই রে বিশেষ, নিখিল জগৎ ব্রহ্মময়।

বিভাগ—খ

বিকল্প—I

(পর্যটন)

21. পশ্চিমবঙ্গের অরণ্য-প্রকৃতি ও বন্যপ্রাণীদের প্রতি আকর্ষণের তিনটি বিষয়ের উল্লেখ করুন। 1
22. দক্ষিণ ভারতের একটি বিখ্যাত সমুদ্র উপকূল এবং একই সঙ্গে স্বাস্থ্যকর স্থান কোনটি? 1
23. ‘খাজুরাহো’ ভাস্কর্যের ক্রমশ ক্ষতি হবার কারণ কী? 1
24. পর্যটনের ভিত্তি হিসেবে গণ্য করা যায় এমন চারটি বিষয়ের উল্লেখ করুন। 2
25. জনমতের চাপে স্থানীয় পরিবেশ রক্ষা পাবার দুটি দৃষ্টান্ত দিন। এ চাপের কারণ কী? 3
26. (ক) পর্যটনের সঙ্গে দেশের অর্থনৈতিক উন্নতির সম্পর্ক কী? 3
(খ) কোন্ কোন্ বিষয়কে কেন্দ্র করে এ উন্নতি সম্ভব বলে মনে হয়? 7

বিকল্প—II

(গণবর্গ)

21. কে, কবে টেলিভিশন বা দূরদর্শন আবিষ্কার করেন? 1
22. ‘বৈদ্যুতিন মাধ্যম’ বলতে কী বোঝায়? চারটি বৈদ্যুতিন মাধ্যমের উল্লেখ করুন। 1+2=3
23. মুদ্রণযন্ত্র কে আবিষ্কার করেন? মুদ্রণযন্ত্রের সাহায্যে যে যে জিনিসগুলি গণমাধ্যমের ভূমিকা পালন করে তার কয়েকটির উল্লেখ করুন। 1+2=3
24. বৈদ্যুতিন মাধ্যমের চারটি করে সুবিধে ও অসুবিধের উল্লেখ করুন। 6
25. অসুবিধে থাকা সত্ত্বেও বৈদ্যুতিন মাধ্যম অপরিহার্য কেন? 2